

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৪৩

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত রিট পিটিশন (নং ০৮/২০২৩ এবং ১৩২২৮/২০২২) মামলাসমূহ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীগণ এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত বাতিল ও ছাড়করণ সংক্রান্ত গঠিত পুনর্বিবেচনা কমিটির সুপারিশসমূহ বাস্তবায়ন/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক প্রতিষ্ঠান প্রধান নিয়োগের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১.	০৮/২০২৩	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠমো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত বাতিল ও ছাড়করণ সংক্রান্ত গঠিত পুনর্বিবেচনা কমিটির সুপারিশসমূহ বাস্তবায়ন সংক্রান্ত।	জনাব মোঃ ইউনুস, গ্রাম: উত্তর চরমঞ্জল, ডাক: আঞ্জুর হাট, থানা: চরফ্যাশন, জেলা: ভোলা গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৮ (আট) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২.	১৩২২৮/২০২২	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক প্রতিষ্ঠান প্রধান নিয়োগ সংক্রান্ত।	জনাব মোহাম্মদ আলতাজ মিয়া, প্রধান শিক্ষক, শাকপুরা মডেল হাইস্কুল, শাকপুরা, বোয়ালখালী, চট্টগ্রাম।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ৬ (ছয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত রিট পিটিশন (নং ০৮/২০২৩ এবং ১৩২২৮/২০২২) মামলাসমূহ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক ডাটা বেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২২-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা  
ভবন, ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৪৩/১(৩)

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২২-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব